উপজেলা পরিষদ কার্যালয়
কালকিনি, মাদারীপুর
www.kalkini.madaripur.gov.bd

মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব উত্তম কুমার দাশ
প্রশাসক, উপজেলা পরিষদ
কালকিনি, মাদারীপুর

সভার তারিখ ঃ ২৮/১০/২০২৪ খ্রি.

সময় ঃ সকাল: ১১:০০ টা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। তারপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

আলোচ্য বিষয় ১। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (নিচে দেখুন) | (১-৪) সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসারকে বলা হয়। | উপজেলা কৃষি অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

**আলোচনা:**

১। আবাদ পরিস্থিতি

ক) শাকসবজি আবাদ ২২ হেক্টর।

খ) মাসকলাই আবাদ ৩৪৭ হেক্টর।

২। কৃষক প্রশিক্ষণ:

বিভিন্ন প্রকল্পের আওতায় ১৯০ জন কৃষক/কৃষাণীকে বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান।

৩। কৃষি প্রণোদনা কর্মসূচি:

২০২৪-২৫ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় একজন কৃষককে এক বিঘা জমির জন্য সহায়তা প্রদানের লক্ষ্যে কালকিনি উপজেলায় বিভিন্ন ফসলে ৪৮১০ জন ও হাইব্রিড বোরো ১৫০০ জন কৃষককে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হবে।

এ কর্মসূচির আওতায় প্রতি কৃষক ১(এক) বিঘা জমির জন্য নিম্নোক্ত বীজ ও রাসায়নিক সার পাবেন।

| ক্র: নং | ফসল | উপকারভোগী কৃষক (জন) | বীজ | ডিএপি | এমওপি |
|---|---|---|---|---|---|
| ০১ | সরিষা | ৩০০০ | ০১ কেজি | ১০ কেজি | ১০ কেজি |
| ০২ | গম | ৯৫০ | ২০ কেজি | ১০ কেজি | ১০ কেজি |
| ০৩ | সূর্যমুখী | ৫০ | ০১ কেজি | ১০ কেজি | ১০ কেজি |
| ০৪ | ভুট্টা | ৩০ | ০২ কেজি | ২০ কেজি | ১০ কেজি |
| ০৫ | পেঁয়াজ | ১০০ | ০১ কেজি | ১০ কেজি | ১০ কেজি |
| ০৬ | চিনাবাদাম | ৬০ | ১০ কেজি | ১০ কেজি | ০৫ কেজি |
| ০৭ | মুগ | ৭০ | ০৫ কেজি | ১০ কেজি | ০৫ কেজি |
| ০৮ | মসুর | ২৫০ | ০৫ কেজি | ১০ কেজি | ০৫ কেজি |
| ০৯ | খেসারী | ৩০০ | ০৮ কেজি | ১০ কেজি | ০৫ কেজি |
| ১০ | হাইব্রিড | ১৫০০ | ০২ কেজি | ০০ | ০০ |
| | মোট | ৬৩১০ জন | | | |

৪। বিবেচ্য মাসে উপজেলার সার পরিস্থিতি

ক) ইউরিয়া বরাদ্দ ২৭৫ মে.টন, মজুদ- ৭২ (মে.টন)

খ) টিএসপি বরাদ্দ ৪৫ মে.টন, মজুদ- ০৯ (মে.টন)

গ) ডিএপি বরাদ্দ ৩২৩ মে.টন, মজুদ- ৮২ (মে.টন)

ঘ) এমওপি বরাদ্দ ১৪০ মে.টন, মজুদ- ২১ (মে.টন)

আলোচ্য বিষয় -২। উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। বিবেচ্য মাসে স্বাস্থ্য সেবার প্রতিবেদন: রোগীর সংখ্যা বহিঃ বিভাগে ৮০৯৫ জন, জরুরী বিভাগে-১১২২ জন, আন্তঃ বিভাগে -১৮৪২ জন, ৪ টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে রোগীর সংখ্যা -২৩১৭ জন, ৩৫ টি কমিউনিটি ক্লিনিকের চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা -৩৬২৬৭ জন, সর্বমোট চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা -৪৯৬৪৩ জন, শয্যা ব্যবহারের হার ১২২.৮%, রোগীর গড় অবস্থান- ২.৩৪ দিন, মৃত্যুর হার ০.৩৮%, সিজারিয়ান অপারেশন- ৮ জন, স্বাভাবিক প্রসব -২৩ জন, দুর্ঘটনায় আহত রোগীর সংখ্যা- ৫২ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা -৩ জন, স্বাভাবিক মৃত্যুর সংখ্যা ৩ জন ও মাইনর সার্জারী -১৬৪ জন ও এপ্রিল মাসে আক্রান্ত রোগীর সংখ্যা ৪৪ জন। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০২

আলোচ্য বিষয় -৩। উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। উন্নয়ন প্রকল্পের বাস্তব অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদনঃ<br>ক. RCIP প্রকল্পাধীন রাস্তা উন্নয়ন- চলমান কাজের পরিমান- ৩০.১৯৮ কি:মি. সম্পাদনকৃত কাজের পরিমান- কি: মি:, ভৌত অগ্রগতি- ৯৫%। খ. DDWISP (ঢাকা ডিভিশন) প্রকল্পাধীন রাস্তা উন্নয়ন- চলমান কাজের পরিমান- ২১.৩০ কি:মি. সম্পাদনকৃত কাজের পরিমান- ৪ কি: মি:, ভৌত অগ্রগতি- ৮৭% গ. DDWISP (ঢাকা ডিভিশন) প্রকল্পাধীন ব্রীজ নির্মান- চলমান কাজের পরিমান ১০টি, সম্পাদনকৃত কাজের পরিমান ০টি, ভৌত অগ্রগতি-৬৭% ঘ. IRIDP-3 প্রকল্পাধীন রাস্তা নির্মান- চলমান কাজের পরিমান ০ কি:মি:, সম্পাদনকৃত কাজের পরিমান ৫০ মি, ভৌত অগ্রগতি- ১০০% ঙ. MSRDP প্রকল্পাধীন ব্রীজ/কালভার্ট নির্মান- চলমান কাজের পরিমান- ৬২১ মিটার, সম্পাদনকৃত কাজের পরিমান-৩৫০মিটার, ভৌত অগ্রগতি- ৮৭% চ. MSRDP প্রকল্পাধীন রাস্তা নির্মান- চলমান কাজের পরিমান- ৫৫ কি:মি:, সম্পাদনকৃত কাজের পরিমান- ২০ কি. মি, ভৌত অগ্রগতি- ৭২% ছ. চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪) প্রকল্প কাজ সম্পর্কিত আলোচনা- চলমান কাজের পরিমান- ১০টি, ভৌত অগ্রগতি ৭০% জ. ইউনিয়ন ভূমি অফিস- ০২টি, ভৌত অগ্রগতি- ১০%।<br>২। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল সংক্রান্ত আলোচনা ঃ- সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতে ১ম কিস্তিতে স্থানীয় সরকার বিভাগ হতে ২০.৩২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দের আলোকে তিনি স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে একটি তালিকা উপস্থাপন করেন। উক্ত তালিকা মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | ১(ক-ছ)। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনাহয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে অধিকতর সতর্ক থাকার জন্য বলা হয়।<br>২। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে দাখিলকৃত পরিশিষ্ট-খ তালিকা মোতাবেক অনুমোদন করা হয়। | উপজেলা প্রকৌশলী কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসের কার্যক্রমঃক. কৃত্রিম প্রজনন- ১০১৯ টি গাভীকে কৃত্তিম প্রজনন করা হয়েছে। খ. শংকর জাতের বাছুর উৎপাদন- চলতি মাসে ৪৫০ টি বাছুর উৎপাদিত হয়েছে। গ. গবাদি পশুর চিকিৎসা- চলতি মাসে ১৫৫৫ টি গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে। ঘ. হাঁস-মুরগীর চিকিৎসা- চলতি মাসে ২০৩৩০ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে।<br>ঙ. গবাদি পশুর টিকা প্রদান- চলতি মাসে ৩০০০ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে। চ. হাঁস-মুরগির টিকা প্রদান- চলতি মাসে ৭০০০ টি হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে। | স্বাভাবিক নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |

আলোচ্য বিষয় -৫। সিনিয়র উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা:-<br>রাজস্ব খাতের আওতায় দেশিয় প্রজাতির মাছ, শামুক সংরক্ষণ, উন্নয়ন প্রকল্প ও ইলিশ সম্পদ উন্নয়ন এবং ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বিভিন্ন কাজ চলমান আছে।<br>ক. অফিসে ও মাঠে ২০ জন চাষীকে পরামর্শ দানসহ মোট ক্রমপুঞ্জিত ৮৫ জন সুফলভোগীকে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কালকিনি এর সেবার আওতায়/সান্নিদ্ধে আনা হয়।<br>খ. এছাড়াও কালকিনির আড়িয়াল খা নদে মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়নে ২৭ অভিযান ও ৭টি মোবাইল কোর্ট এবং বিলে চায়না চাই ও কারেন্ট জালের ০২টি মৎস্য সংরক্ষণ আইনী মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হয়।<br>গ. এছাড়াও বিভিন্ন মাছ বাজার, আড়ত ও হাট-বাজারে ১৩৫টি মৎস্য সংরক্ষণ আইনী পরিদর্শন ও তদারকি করা হয়।<br>ঘ. দেশিয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের এবং ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় দরিদ্র জেলেদের তালিকা হালনাগাদ কাজ চলমান আছে। | ১(ক-ঘ) স্বাভাবিক ভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৩

CamScanner

আলোচ্য বিষয় -৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৭। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ<br>ক. সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মা সমাবেশ এবং উঠান বৈঠক জোরদার করে শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধি করা হবে।<br>খ. পড়া ও লেখার দক্ষতা বৃদ্ধি করার জন্য সকল প্রাথমিক শিক্ষকদের নির্দেশনা দেয়া হয়েছে।<br>গ. প্রাক-প্রাথমিক শ্রেণির শিক্ষার্থীদের শিখন ঘাটতি দূর করার জন্য শিক্ষকদের আরও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করার জন্য বলা হয়েছে।<br>ঘ. ২১টি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামত মাইনর ক্যাটাগরী কাজ সম্পন্ন হয়েছে। সাবেক সভাপতির জন্য ৮৮ নং খুনেরচর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ বাকী আছে।<br>ঙ. ১৫৪ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জমি অবৈধ দখলদারকে বলার পরেও এখনও বিদ্যালয়ের জায়গা খালি করেনি। | বিভাগের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য বলা হয়। অবশিষ্ট মেরামত কার্য সম্পাদন করার জন্য ও অবৈধ দখলদার মুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে বলা হয়। | উপজেলা শিক্ষা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম সঠিকভাবে চলছে। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম সঠিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | সরকার নির্ধারিত নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

আলোচ্য বিষয় -৯। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসের তথ্য:<br>১। নিবন্ধিত সমিতি সংক্রান্ত আলোচনা: প্রাথমিক বিভাগীয় সমিতি ১৬৪ টি(সিআইজি মৎস্য-২০, কৃষি-২৮, প্রাণি সম্পদ-০৬), কেন্দ্রীয় সমিতির সংখ্যা ০১ টি (বিআরডিবি), প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১৭১ টি ও সার্বিক গ্রাম উন্নয়ন সমিতির সংখ্যা ৩০ টি।<br>২। নিরিক্ষার জন্য বরাদ্দকৃত সমিতি সংক্রান্ত আলোচনা: প্রাথমিক বিভাগীয় সমিতি ৬২ টি, কেন্দ্রীয় সমিতি ০১ টি, বিআরডিবি প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা- ৩০ টি, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা- ২৯ টি ও কেন্দ্রীয় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা সংখ্যা ০ টি ও বিআরডিবি প্রাথমিক সমবায় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা - ০ টি।<br>৩। অডিট ফি সংক্রান্ত আলোচনা (অডিট বর্ষ ২০২২-২০২৩): ধার্য =৭৪৩২০/-, অত্র মাস পর্যন্ত আদায় = ৭৪৩২০/-, আদায় বাকী- ০ টাকা।<br>৪। সমবায় উন্নয়ন তহবিল সংক্রান্ত আলোচনা: ধার্য (অডিট বর্ষ) =১৭৫৯২০/-, আদায় =১৭৫৯২০/-, আদায় বাকী ০<br>৫। আশ্রয়ণ প্রকল্পের ঋণ সংক্রান্ত আলোচনা: বিতরণ =১৩৪৭০০০/-, আদায় = ১০৬৮৩৫১/-. আদায় বাকী = ২৭৮৬৪৯ /-<br>০৬। সমিতির নির্বাচন অনুষ্ঠান ০৪ টি<br>০৭। লভ্যাংশ বিতরণকৃত সমিতির সংখ্যা- ০ টি, অত্র মাস পর্যন্ত বিতরণের পরিমান ০ লক্ষ টাকা।<br>০৮। সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ১৪ টি। | ১-৮: সভায় উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা সমবায় অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১০। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা:-<br>ক. উপজেলার মোট সক্ষম দম্পতি-৪২০০৯ জন, খ. মোট গ্রহণকারীর সংখ্যা-৩১৭২৪ জন, গ. গ্রহণকারীর হার- ৭৫.৫২%, ঘ. গর্ভবতীর সংখ্যা-১৫৫ জন, ঙ. গর্ভবতী মায়ের যত্ন- ৪৮৪ জন, চ.গর্ভোত্তর মায়ের যত্ন- ১৩৬ জন, ছ. সাধারণ রোগীর সেবা- ৩৬১২ জন, জ. কিশোর-কিশোরী সেবা-৫৮৩৩ জন, ঞ. শিশু সেবা-৯৬৮ জন ও ট. পুষ্টি সেবা-৩১৫৪ জন | সরকারের নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, দরিদ্র গর্ভকালীন নারীদের সেবা প্রদান এবং শিশু স্বাস্থ্য সেবা প্রদানে পরিবার কল্যান সহকারীদের জোড়দার ভূমিকা পালনে কঠোর নির্দেশনা প্রদানের জন্য বলা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৪

CS CamScanner

আলোচ্য বিষয় -১১। পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। আলোচ্য মাসের বিদ্যুৎ সংক্রান্ত তথ্য: বিদ্যুৎ ক্রয় (কিঃওঃঘঃ) (গ্রীড মিটার = ৭১০২১৯০, বিদ্যুৎ বিক্রয় (কিঃওঃঘঃ) =৬৩৮৬৬৩৮, সিস্টেম লস (গ্রীড মিটার) = ১০.০৮%, বিলকৃত টাকা =৪৮৯৮৭১৫৭.০০, আদায়কৃত টাকা =৫০৬৫৬০৯৭.০০, বকেয়া মাস (রিসেল, রিবেট, ও সি আই ব্যতিত) ০.৯৭, অভিযোগ সমাধান ৩৭৭ টি, নতুন মিটার স্থাপন ২৯৩টি, মিটার পরিবর্তন = ৩৪৮ টি, মিটার পূণঃ সংযোগ ১২৮ টি, সংযোগ বিচ্ছিন্নকরণ ৯৯ টি, রাইট অবওয়ে (কিঃমিঃ) ০, মিটার রিপোর্ট তদন্ত ও ব্যবস্থা গ্রহণ ১৩০ টি, লাইন পরিদর্শন (কিঃমিঃ) ৭০ লাইন রক্ষণাবেক্ষণ- ১১৫কিঃমিঃ, এলটি তার পরিবর্তনকরণ- ০, ইকুইপমেন্ট রেকর্ড কার্ড আপটুডেট -০৬ টি, ইকুইপমেন্ট গ্রাউন্ডিং চেক/মেরামত-১১, ওভারলোড ট্রান্সফরমার পরিবর্তন ০৩ টি, বিনষ্ট/ভাঙ্গা/পঁচা/ঝুঁকিপূর্ণ পোল পরিবর্তন ০৫টি, ওয়ারিং পরিদর্শন ২২৭ ও প্রাথমিক সমীক্ষা সম্পাদন ২২৭ টি। | ১। সরকারের নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং গ্রাহকদের অভিযোগ সমাধানে অধিকতর তৎপর হওয়ার জন্য বলা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কালকিনি জোনাল অফিস |

আলোচ্য বিষয় -১২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। "সমগ্র দেশে নিরাপদ পানি সরবারহ" প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপন: ২০২৩-২৪ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ২৬টি একক নলকূপের বরাদ্দ ছিল। সকল ইউনিয়নে স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। প্লাটফর্ম নির্মানের কাজ চলমান। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ১২টি একক নলকূপের বরাদ্দ আছে। ডিপিপি রুলস অনুযায়ী নির্ধারিত আবেদন ফর্মে উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর মহোদয়ের সুপারিশক্রমে আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে। পরবর্তীতে তালিকা চূড়ান্ত করা হবে।<br>০২। এনএনজিপিএস প্রকল্প: প্রকল্পের আওতায় ০৫টি করে ২টিটি প্যাকেজ ওয়াস ব্লকের কার্যপত্র প্রদান করা হয়েছে। মাটি পরীক্ষার কাজ শেষ। শীঘ্রই কাজ শুরু করা হবে।<br>৩। পিইডিপি-৪ প্রকল্প সংক্রান্ত আলোচনা: নতুন ১০টি ওয়াস ব্লক এর টেন্ডার হয়েছে। ৮টি ৭৫% কাজ শেষ হয়েছে। নতুন ৫টি করে ৫ প্যাকেজে টেন্ডার হয়েছে। ১০টি বিদ্যালয়ে ৬০% কাজ চলমান আছে।<br>৪। পিইডিপি-৪ প্রকল্পে টিএসপিঃ পিইডিপি প্রকল্পের আওতায় ৬৫টি বিদ্যালয়ে টিএসপি স্থাপন সম্পন্ন হয়েছে। ৬০টি হস্তান্তর হয়েছে।<br>৫। এনএনজিপিএস প্রকল্পে টিএসপিঃ পিইডিপি প্রকল্পের আওতায় ২৬ বিদ্যালয়ে টিএসপি স্থাপন সম্পন্ন হয়েছে। সকল বিদ্যালয়ে হস্তান্তর হয়েছে।<br>৬। জিপিএস প্রকল্প: প্রকল্পের আওতায় ০৫টি করে ২টিটি প্যাকেজ ওয়াস ব্লকের কার্যপত্র প্রদান করা হয়েছে। মাটি পরীক্ষার কাজ চলমান আছে। | স্বাভাবিক নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

আলোচ্য বিষয় -১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে উপজেলা পল্লী উন্নয়ন বিভাগে কার্যক্রমঃ বিআরডিবি'র আওতাধীন কালকিনি উপজেলায় বাস্তবায়িত মোট প্রকল্প/কর্মসূচী ঃ ০৮ টি, সমিতি গঠন-০ টি, সদস্য ভর্তি-৩০ জন, শেয়ার জমা-০.৩৮ লক্ষ টাকা , সঞ্চয় জমা- ৮.৯৪ লক্ষ টাকা, প্রনোদনা ঋণ বিতরণ-০.০০ লক্ষ টাকা, ঋন বিতরণ ৭৫.৮৯ লক্ষ টাকা, ঋন আদায়- ১৩২.৮৪ লক্ষ টাকা, মেয়াদোত্তীর্ণ খেলাপী- ২.১১ লক্ষ টাকা, মোট বকেয়া- ১.০০ লক্ষ টাকা , প্রশিক্ষণ-০ জন, অপ্রধান শস্য (প্রদর্শনী খামার)-০ টি, পিআরডিপি-৩ প্রকল্পের ভিডিসি স্কীম বাস্তবায়ন- ০টি, বর্তমান পর্যন্ত মোট সমিতি- ৮২৭ টি, বর্তমান পর্যন্ত মোট সদস্য- ১৩৮৬১ জন। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং ঋন প্রদানে আরও সচেষ্ট হওয়ার জন্য বলা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৫

CamScanner

আলোচ্য বিষয় ১৪। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রমঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>বিবেচ্য মাসে উপজেলা পল্লী উন্নয়ন বিভাগে কার্যক্রমঃ</u><br>ক. সেপ্টেম্বর/২০২৪ মাসের ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) খাদ্য বিতরণ করা হয়েছে। ভিডব্লিউবি খাদ্য বরাদ্দ না থাকায় অক্টোবর/২৪ মাসে খাদ্যের ছাড়পত্র দেয়া যায়নি। প্রত্যেক মাসে কার্ডধারীকে ৩০ কেজি হারে খাদ্য প্রদান করা হচ্ছে।<br>খ. মা ও শিশু কর্মসূচীর জুন/২০২৪ মাস পর্যন্ত ইউনিয়ন ও পৌরসভা কমিটি কর্তৃক প্রেরিত তালিকা উপজেলা কমিটিতে চূড়ান্ত অনুমোদন দেয়া হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে এই কর্মসূচীতে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি।<br>গ. কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান। পুষ্টিকর নাস্তা বিতরণ চলছে। ক্যারাতে প্রশিক্ষণ চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।<br>ঘ. সেলাই প্রশিক্ষণ কার্যক্রম চলমান। প্রতি তিন মাস অন্তর ৩০ জন প্রশিক্ষনার্থীকে আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ৩ মাস মেয়াদী প্রশিক্ষন করানো হচ্ছে। | স্বাভাবিক নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১৫। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রমঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>বিবেচ্য মাসের বিভাগীয় কার্যক্রমঃ</u><br><u>১। সুদমুক্ত ঋণ সংক্রান্ত তথ্যঃ</u> উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগে ক্ষুদ্রঋণ খাতে (ক) আর এস এস বিনিয়োগঃ ১১২৪৯১৪৫.০০ আদায়ের হার-৭৪% পুনঃ বিনিয়োগঃ ১১৩৩৩১৩৪.০০, আদায়ের হার ৭৩% (খ) পল্লী মাতৃকেন্দ্র খাতে বিনিয়োগঃ ২৩৪৯৪৮১.০০, আদায়ের হার-৬৯% পুনঃবিনিয়োগঃ ২১০০৯৫৫.০০, বিনিয়োগের আদায়ের হার ৮৫%। (গ) দগ্ধ ও অসচ্ছল প্রতিবন্ধী বিনিয়োগঃ ১৩৮১৭৭৭.০০, আদায়ের হার- ৬১% পুনঃবিনিয়োগঃ ৬৪০০০০.০০ আদায়ের হার ৬৩% (বকেয়া ঋণ আদায়ের ক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট সকলের নিকট সহযোগিতা কামনা করেন)।<br><u>২। সামাজিক নিরাপত্তা বেষ্টনি সংক্রান্ত তথ্যঃ</u> সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক ভাতা নিয়মিত-৯৫৩৮ জন, বিধবা বা স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ২৯৯২ জন, প্রতিবন্ধী ভাতা ৪৩৫৮ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ১৪১ জন, অনগ্রসর জনগোষ্ঠির বয়স্ক ভাতা ৯৩ জন, শিক্ষা উপবৃত্তি ৩১ জন, বেঁদে ও হরিজন বিশেষ ভাতা ৩০ জন ও শিক্ষা উপবৃত্তি ৩০ জন।<br><u>৩। স্বেচ্ছাসেবী সংস্থা সংক্রান্ত আ</u>লোচনাঃ নিবন্ধিত সংস্থার সংখ্যা ৭১টি। ২০২৩-২৪ অর্থ বছরে জাতীয় সমাজকল্যান পরিষদ হতে বার্ষিক অনুদানের জন্য ০৫ (পাঁচ) টি চেক বিতরণ হয়েছে।<br><u>৪। বে-সরকারী এতিমখানা সংক্রান্ত আলোচনাঃ</u> কালকিনি ও ডাসার উপজেলায় ১০টি বে-সরকারী এতিমখানা রয়েছে। ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত মোট এতিম সংখ্যা ২২১ জন। ২০২৩-২০২৪ অর্থ বছরে ক্যাপিটেশন গ্রান্টের ২য় কিস্তি ২৬৫২০০০.০০ (ছাব্বিশ লক্ষ বায়ান্ন হাজার) টাকার চেক বরাদ্দ পাওয়া গিয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতিটি এতিমখানা পরিদর্শন করে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><u>০৫। জটিল রোগের আর্থিক সাহায্য :-</u> ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক অনুদান এককালীন জনপ্রতি ৫০০০০.০০ টাকা ৩১ জন রোগীকে ইএফটি এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। | স্বাভাবিকভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচলনার জন্য বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৬

CamScanner

আলোচ্য বিষয় -১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। যুব প্রশিক্ষণ (রাজস্ব): ২০২৪ ২০২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা ১৪ ব্যাচ ৪২০ জন, অর্থ বছরের অর্জন- ২ ব্যাচ ৬০ জন, হার ১৫%, জনসচেতনতা বিষয়ে প্রশিক্ষণ- ০০ ও ক্রমপুঞ্জিত অগ্রগতি -৮৫২৫ জন<br>২। যুব ঋণ বিতরণ ও আদায় (আত্মকর্ম): ২০২৩ ২০২৪ অর্থ বছরের বিতরণ লক্ষ্যমাত্রা- ২৩৮০০০০.০০, চলতি মাসে ঋণ বিতরণ ০০, চলতি বছরের অর্জন ২০২০০০০.০০, হার ৮০%, ঋণ আদায়ের হার গত মাস ১০০%, ক্রমপুঞ্জিত- ৯৯.৭৬% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৪১৪০৮৫০০.০০ টাকা।<br>৩। পরিবার ভিত্তিক কর্মসূচীর ঋণ বিতরণ ও আদায়: ২০২৩ ২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ৪৮০০০০.০০, অর্থ বছরের অর্জন-০, হার ০% ঋণ আদায়ের হার- ১০০%, ক্রমপুঞ্জিত- ৯৯.৭৬% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৪০৭১৭১৮৯.০০<br>৪। যুব ঋণ বিতরণ ও আদায় (জোড়দারকরণ): ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ০, অর্থ বছরের অর্জন- ০ , হার ০% ঋণ আদায়ের হার- ১০০%, ক্রমপুঞ্জিত- ১০০% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ৬,২৪,০০০/ | ১ ম: সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য বলা হয় এবং পরবর্তী সভায় প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য দাখিলের জন্য বলা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১৮। উপজেলা বন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় ফরেষ্টার, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র জানান যে, কালকিনি উপজেলায় বিভিন্ন স্থানে অবৈধ করাত কল রয়েছে। এসব করাত কলের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অলোচনান্তে সর্বসম্মতিক্রমে সহকারী কমিশনার (ভূমি) এর নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনার জন্য বলা হয়। | সহকারী কমিশনার (ভূমি) ও ফরেষ্টার, বন বিভাগ কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ১৯। উপজেলা আইসিটি বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে আইসিটি বিভাগের কার্যক্রমঃ সভায় তার দাপ্তরিক কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন-<br>ক. আইসিটি ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান সংখ্যা- ৩২ টি। খ. স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠান সংখ্যা ১টি। গ. অক্টোবর মাসে ওয়েব পোর্টালসহ অন্যান্য কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে ৬ টি দপ্তর। ঘ. শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগনের বেসিক কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ১২৮ জন শিক্ষক কে। ঙ. ৩৩ টি প্রতিষ্ঠানে নতুন ডিজিটাল ল্যাব স্থাপন যাচাই বাছাই সম্পন্ন হয়েছে। চ. ২৮টি প্রতিষ্ঠানে আইসিটি ল্যাবে আইপি ক্যামেরা স্থাপন করা হয়েছে। ছ. ৪৫ জন বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের লক্ষ্যে সম্পূর্ন বিনামূল্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জ. ৯০ জন শিক্ষার্থীকে স্কুল অব ফিউচারে প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ পাইথন বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। ঝ. কালকিনি সরকারী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে রোবটিক্স ল্যাব স্থাপন করা হয়েছে। যেখানে ভি আর, রোবট, ড্রোন, আর্টিফিশিয়াল ইন্টিলিজেন্স ডিভাইস, থ্রিডি প্রিন্টার ইত্যাদি ডিভাইসসমূহ স্থাপন করা হচ্ছে। ঞ. কালকিনি উপজেলায় ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারী প্রতিষ্ঠানে উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট কানেকশন প্রদান করা হবে ৩১৯ টি প্রতিষ্ঠানে। | সভায় উপজেলা আইসিটি বিভাগের কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সরকারী সকল দপ্তরের সেবা সহজীকরনের লক্ষ্যে ওয়েব পোর্টাল হালনাগাদের জন্য বলা হয়। | সকল দপ্তরের দপ্তর প্রধান ও উপজেলা আইসিটি অফিসার কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ২০। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ক. কালকিনি এলএসডি সংক্রান্ত আলোচনা ঃ চাল মজুদ ৪৯৭.৪৪০ মেট্রিক টন ও গম মজুদ ১০.২৫৩ মেট্রিক টন।<br>খ. খাসেরহাট এলএসডি সংক্রান্ত আলোচনা ঃ চাল মজুদ ৩৮.৫০০ মেট্রিক টন ও গম মজুদ ০০ মেট্রিক টন। | স্বাভাবিকভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচলনার জন্য বলা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৭

CamScanner

আলোচ্য বিষয় - ২১। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের ২য় জোনাল অপারেশনের কার্যক্রম চলমান আছে। কালকিনি উপজেলায় ৫টি PSU তে প্রতি মাসে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহিঃগমনের তথ্য সংগ্রহ করা হয়। ভূমি ব্যবহার, সেচ পরিসংখ্যান ও মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ এবং স্থায়ী/অস্থায়ী ফসলের তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | স্বাভাবিকভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচলনার জন্য বলা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -২২। উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। দাপ্তরিক কার্যক্রম সংক্রান্ত আলোচনা: আলোচ্য মাসে সদস্য ভর্তি ১৮ জন, মোট সদস্য স্থিতি ৩১৮৫ জন, মাসে ঋণ বিতরণ ৩০.৬৫ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ ৭৬.৬১ লক্ষ টাকা, মাসে ঋণ আদায় ৩৪.৮৭ লক্ষ টাকা, মোট ঋণ আদায় ৯৯.৩৮ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৯৮%, খেলাপী ঋণের পরিমাণ ৫১.৮৭ লক্ষ টাকা, মাসে নীট সঞ্চয় আদায় ২.৩৬, এ পর্যন্ত মোট সঞ্চয় স্থিতি ২৬৯.৩৫ লক্ষ টাকা। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণের তালিকা প্রস্তুত করে সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য বলা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |

আলোচ্য বিষয় -২৩। কৃষি উন্নয়ন কর্পোরেশন কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্রও দাখিল করেননি। | নিয়মিত কার্যপত্র দাখিল ও সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়। | উচ্চতর-উপ-সহকারী প্রকৌশলী(সেচ) |

২৪। রাজস্ব তহবিল এর বিভিন্ন ব্যয় অনুমোদন সংক্রান্ত আলোচনা:

| | | |
|---|---|---|
| ১। ব্যয়োত্তর অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ সভায় জরুরী ভিত্তিতে নিম্নলিখিত ব্যয় সমূহের অনুমোদন করার উপস্থাপন করা হয়:- ক। মালী এর সেপ্টেম্বর/২০২৪ মাসের দৈনিক মজুরী =১৭০৫০.০০ টাকা। খ। পরিচ্ছন্নতা কর্মীর সেপ্টেম্বর/২০২৪ মাসের দৈনিক মজুরী =১৭০৫০.০০ গ। সেপ্টেম্বর/২০২৪ মাসের ইন্টারনেট বিল =৪০০০.০০ টাকা। ঘ। সেপ্টেম্বর/২০২৪ মাসের আনুষঙ্গিক বিল =৫০০০.০০ টাকা ঙ। সেপ্টেম্বর/২০২৪ মাসের বিভিন্ন সভার আপ্যায়ন বিল =৩০০০০.০০ চ। উপজেলা পরিষদের বিএডিসি, বনবিভাগ ও ডরমেটরী ভবনের সেইটি ট্যাংক ও ড্রেইন পরিষ্কারকরণ বিল- ২৫০০০.০০ টাকা। ছ। উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন-৩ এর নিচতলার সিড়ি হতে তিন তলার সিড়ি পর্যন্ত ০৩টি জানালা পরিবর্তন বিল- ২১০০০.০০ টাকা। জ। খাসেরহাট শেখ লুৎফর রহমান সেতুর বিদ্যুৎ সংযোগ প্রদান ফি বাবদ বিল-৪০২৮.০০ টাকা। ঞ। উপজেলা পরিষদ মসজিদের এসি সার্ভিসিং বিল- ১৯৫০০.০০ টাকা। ট। উপজেলা পরিষদের ০৪টি ষ্টীলের আলমারী মেরামত বাবদ বিল- ২৫০০০.০০ টাকা। ঠ। উপজেলা পরিষদের একটি সিসি ক্যামেরা প্রতিস্থাপন বাবদ বিল- ১৩০০০.০০ টাকা। ড। উপজেলা পরিষদের জীপ গাড়ীর জুলাই/২০২৪ মাস ১৮ আগস্ট, ২০২৪ মাস পর্যন্ত জ্বালানী বাবদ বিল- ৪৫৫৫০.০০ টাকা। ঢ। উপজেলা পরিষদের পানির ফিল্টার মেরামত ও বিভিন্ন মালামাল পরিবর্তন বাবদ বিল =২৫০০০.০০ টাকা। ন। উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন-০১ এর পিছনের ড্রেইন মেরামত ও সংস্কার বাবদ বিল- ১৬৪০০.০০ টাকা। | ১(ক-ন) উল্লিখিত বিল সমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে উক্ত বিল সমূহ অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার কালকিনি, মাদারীপুর। |

চলমান পাতা-০৮

CamScanner

আলোচ্য বিষয় -২৫। উপজেলা ক্রীড়া সংস্থার অফিস স্থাপন সংক্রান্ত আলোচনা:-

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বিগত সভায় সামাজিক নিরাপত্তা বেষ্টনী ভাতা বিতরণ সেডের প্রয়োজনীয় সংস্কারপূর্বক উপজেলা ক্রীড়া সংস্থার অফিস স্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি সভাকে অবহিত করেন যে, সভার সিদ্ধান্তের আলোকে উক্ত সেডের প্রয়োজনীয় মেরামত ও সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী ২ লক্ষ টাকার একটি প্রাক্কলন তৈরী করেছেন। এ বিষয়ে সভার সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রকল্পটি অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসির মাধ্যমে বাস্তবায়নের করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কালকিনি, মাদারীপুর |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২০২৪

(উত্তম কুমার দাশ)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কালকিনি, মাদারীপুর

স্মারকনং: ৪৬.৪১.৫৪৪০.০০০.০০.০৩১.২০২৪-৭৩

তারিখ: ১২ কার্তিক, ১৪৩১ / ২৮ অক্টোবর, ২০২৪

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০২। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর।
০৫। প্রশাসক, কালকিনি পৌরসভা।
০৬। উপজেলা ............................................ অফিসার, কালকিনি, মাদারীপুর।
০৭। চেয়ারম্যান ..................................ইউনিয়ন পরিষদ(সকল) কালকিনি,মাদারীপুর।
০৮। জনাব.......................................................................................

২৮/১০/২০২৪

(উত্তম কুমার দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
কালকিনি, মাদারীপুর

CamScanner

মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলা পরিষদে অক্টোবর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভার তারিখঃ ২৮/১০/২০২৪ খ্রি.

" পরিশিষ্ট-খ"

উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (এডিপি) পিআইসির মাধ্যমে বাস্তবায়িতব্য প্রকল্প তালিকা:-

| ক্রমিক | প্রাপ্ত স্কীমের নাম | বরাদ্দকৃত টাকার পরিমান | বাস্তবায়ন ধরন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | কালকিনি উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ (স্কুল ড্রেস) বিতরণ প্রকল্প। | ২০০০০০.০০ | পিআইসি | |
| ২. | কালকিনি উপজেলার বিভিন্ন ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রে স্বাস্থ্য সামগ্রী বিতরণ প্রকল্প | ১৫০০০০.০০ | পিআইসি | |
| ৩. | ১। সাহেবরামপুর কবি নজরুল ইসলাম কলেজের সামনে গভীর নলকূপ স্থাপন<br>২। গোপালপুর উচ্চ বিদ্যালয়ের সামনে গভীর নলকুপ স্থাপন<br>৩। দশানিগ্রামের আবুল বাশার চৌকিদার বাড়িতে গভীর নলকূপ স্থাপন। | ১৯৫০০০.০০ | পিআইসি | |
| ৪. | লক্ষীপুর ইউনিয়নে বিদ্যাবাগিশ-লক্ষীপুর পাকা রাস্তায় পাকা ব্রীজ হইতে জালালপুর মরহুম সোহরাব সরদারের বাড়ী হয়ে কোলচরী মরহুম সেকান্দার আলী মোল্লার বাড়ী পর্যন্ত এইচবিবি সংস্কার। | ২০০০০০.০০ | পিআইসি | |
| | মোট | ৭৪৫০০০.০০<br>(সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা। | | |

উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (এডিপি) টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়িতব্য প্রকল্প তালিকা:-

| ক্রমিক | প্রাপ্ত স্কীমের নাম | বরাদ্দকৃত টাকার পরিমান | বাস্তবায়ন ধরন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | (ক) সিডিখান ইউনিয়নের চরদৌলতখান বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে হতে প্রধান সড়ক পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা নির্মান-৪০০০০০.০০ টাকা।<br>(খ) পূর্ব এনায়েতনগর ইউনিয়নের কালাই সরদারের চর মাদ্রাসার সীমানা প্রাচীর নির্মান- ৩৫২০০০.০০ টাকা।<br>(গ) সাহেবরামপুর ইউনিয়নে প্রাণিসম্পদ উপ-কেন্দ্র মেরামতকরণ কাজ- ৩০০০০০.০০ টাকা।<br>(ঘ) সাহেবরামপুর ইউনিয়নের আন্ডারচর উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের মধ্যবর্তী স্থানে ড্রেইন নির্মান কাজ- ৩০০০০০.০০ টাকা। | ১৩৫২০০০.০০ | টেন্ডার (LTM) | |
| | সর্বমোট | ১৩৫২০০০.০০<br>(তের লক্ষ বায়ান্ন হাজার) টাকা। | | |

উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব) আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়িতব্য প্রকল্প তালিকা:-

| ক্রমিক | প্রাপ্ত স্কীমের নাম | বরাদ্দকৃত টাকার পরিমান | বাস্তবায়ন ধরন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | (ক) জজিরা ঘরামী বাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয় মেরামত করণ- ১৫০০০০.০০ টাকা।<br>(খ) দক্ষিণ সাহেবরামপুর মুন্সি বাড়ী মসজিদস্থ পুকুরের গাইড ওয়াল নির্মান- ১৫০০০০.০০ টাকা।<br>(গ) রমজানপুর ইউনিয়নের পাইক বাড়ীর (শওকত পাইক) এর বাড়ির পুকুরের ঘাটলা নির্মান- ২০০০০০.০০ টাকা | ৫০০০০০.০০ | আরএফকিউ | |
| | সর্বমোট | ৫০০০০০.০০<br>(পাঁচ লক্ষ) টাকা। | | |

28/10/2024

(উত্তম কুমার দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
কালকিনি, মাদারীপুর

CamScanner